

বিজ্ঞপ্তি: এই দলিল ইংরেজি, ভাষা ইন্দোনেশিয়া, বাংলা, বর্মী, চীনা এবং তামিল ভাষায় পাওয়া যায়। ইংরেজি সংস্করণের সাথে এর অন্যান্য অনুবাদের মধ্যে কোনো অমিল বা অসঙ্গতি থাকলে ইংরেজি সংস্করণ সর্বদা প্রাধান্য পাবে।

পলিসিকারীর নাম Singtel Mobile Singapore Pte Ltd
বিমাকৃত ব্যক্তি(গণ): ঘোষণা অনুযায়ী, পলিসিকারীর মনোনীত সদস্যগণ

Singtel প্রিপেড গ্রাহকদের জন্য বিনামূল্যে 30-দিনের বিমা

পলিসিকারী আমাদেরকে প্রিমিয়াম দিলে এবং পলিসির এই নথি বা জারি করা এন্ডসর্মেণ্টের নিয়ম, শর্তাবলী এবং বহির্ভূত বিষয়াদি সাপেক্ষে, **বিমার সময়কালে পলিসিতে** যেমন বর্ণনা করা হয়েছে সেইমত **আমরা আপনাকে** বিমা নিরাপত্তা দেব।

পলিসিকারী সম্মত হলেন যে এই গ্রুপ পলিসির অধীনে সুবিধাগুলি:

- পলিসিকারীর মনোনীত নির্বাচিত গ্রাহকদের ('আপনাকে') বিনামূল্যে প্রদান করা হবে;
- পলিসিকারী এবং আমাদের যৌথ সিদ্ধান্তের ভিত্তিতে পরিবর্তন বা বন্ধ করা যেতে পারে।

সুবিধাসমূহ

বিভাগ 1 - দুর্ঘটনাজনিত মৃত্যু/ স্থায়ী বিকলাঙ্গতা

মৃত্যুর জন্য

যদি আপনি বিমার সময়কালে দুর্ঘটনার কারণে **আঘাত** পান এবং **দুর্ঘটনার** তারিখের 30 দিনের মধ্যে আপনার মৃত্যু হয়, **আমরা** সর্বাধিক সীমার অর্থ দেব যা নিম্নলিখিত সুবিধাসারণীতে দেখানো হয়েছে।

স্থায়ী বিকলাঙ্গতার জন্য

বিমার সময়কালে যদি আপনার কোনো দুর্ঘটনাজনিত **আঘাত** লাগে যার ফলে **দুর্ঘটনার** 30 দিনের মধ্যে স্থায়ী বিকলাঙ্গতা হয়, নিচের সুবিধাসারণীতে যেমন দেখানো হয়েছে সেইমত **আমরা** সর্বাধিক সীমা দেব।

সুবিধাসারণী

কভারেজ		প্রতি বিমাকৃত ব্যক্তির সর্বাধিক সীমা
A)	মৃত্যু	S\$10,000
B)	স্থায়ী সম্পূর্ণ বিকলাঙ্গতা	
C)	অন্যান্য স্থায়ী বিকলাঙ্গতা: <ul style="list-style-type: none">• এক বা উভয় হাত বা পায়ের কঙ্কি বা গোড়ালি বা তার উপরের অংশ সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো• এক বা উভয় চোখের দৃষ্টি শক্তি সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো• একটা হাত বা পা সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো এবং কোনো একটি চোখের সম্পূর্ণ দৃষ্টিশক্তি হারানো বা• বাকশক্তি ও উভয় কানে শ্রবণশক্তি সম্পূর্ণ এবং স্থায়ীরূপে হারানো	

বিমার সময়কালে এই বিভাগে **আমরা** সর্বাধিক S\$10,000 সীমা পর্যন্ত দেব।

আমরা যদি সুবিধাসারণীতে দেখানো B বা C কভারেজে কোনো একটা স্থায়ী বিকলাঙ্গতার জন্য ইতিমধ্যে ক্ষতিপূরণ করে থাকি সেক্ষেত্রে মৃত্যুর জন্য **আমরা** কোনো ক্ষতিপূরণ করব না।

যদি **আমরা** মৃত্যুর জন্য ক্ষতিপূরণ করি, **আমরা** উপরোক্ত B বা C কভারেজে কোনো ক্ষতিপূরণ করব না।

বিভাগ 2 - হাসপাতাল থেকে ছাড়া পেয়ে সেরে ওঠার সময়কার সুবিধা

বিমার সময়কালে যদি দুর্ঘটনাজনিত আঘাতের ফলে আপনাকে একটানা 48 ঘন্টা, ইনপেশেন্ট হিসাবে হাসপাতালে থাকতে হয় তাহলে আমরা S\$100 -এর নগদ সুবিধা দেব। এই সুবিধার অধীন, বিমার সময়কালে আমরা একটামাত্র দাবিতে অর্থ প্রদান করব।

আপনি দুর্ঘটনার তারিখের সাত দিনের মধ্যে হাসপাতালে ভর্তি হলে এবং একজন যোগ্য চিকিৎসক এর চিকিৎসাগত প্রয়োজন আছে বলে নিশ্চিত করলে তবেই আমরা এই অর্থ প্রদান করব।

বিভাগ 3 - চাকরি গেলে জরুরী তহবিল

দুর্ঘটনা বা রোগের কারণে আপনাকে যদি একটানা 48 ঘন্টা, ইনপেশেন্ট হিসাবে হাসপাতালে থাকার ফলে আপনার নিয়োগকর্তার কাছে কোনো প্রকারের চাকরি করার পক্ষে মেডিকাল দৃষ্টিতে সামর্থ্য না থাকায় আপনি অনিচ্ছাকৃতভাবে কম পক্ষে 30 দিনের জন্য একটানা বেকার হয়ে যান আমরা S\$1,000-এর নগদ সুবিধা দেব। এই সুবিধার অধীন, বিমার সময়কালে আমরা একটামাত্র দাবিতে অর্থ প্রদান করব।

আমরা এই সুবিধা তখনই দেব যদি:

- আপনি আপনার নিয়োগকর্তার কাছ থেকে চাকরির সমাপ্তির চিঠি দিয়ে সমাপ্তির কারণ দেখান; এবং
- একজন যথাযোগ্য চিকিৎসক লিখিত উপায়ে নিশ্চিত করেন যে চিকিৎসার দৃষ্টিতে আপনার চাকরি সংক্রান্ত বড় ধরনের কর্তব্য পালনে আপনি অসমর্থ।

যদি আপনার একাধিক নিয়োগকর্তা থাকে সেক্ষেত্রে এই সুবিধা শুধুমাত্র আপনার প্রধান নিয়োগকর্তার ক্ষেত্রে প্রযোজ্য হবে যিনি আপনার মাসিক বেতনের অধিকাংশ দেন।

আমরা এই সুবিধা দেব না যদি নিম্নোক্ত কারণে চাকরির সমাপ্তি ঘটে:

- আপনার চাকরি সংক্রান্ত বড় ধরনের কর্তব্য পালনে আপনি আর সমর্থ না থাকা ব্যতীত অন্য কোনো কারণ, বা
- আপনি আপনার চাকরি বহাল না রাখার সিদ্ধান্ত নেন; বা
- আপনি স্ব-নির্ভর হওয়ার, বা অস্থায়ী, নৈমিত্তিক বা ফ্রিল্যান্স কাজ করা বা রুটিন বহির্ভূত কাজ করার সিদ্ধান্ত নেন; বা
- চাকরির চুক্তির মেয়াদের সমাপ্তি, পদত্যাগ করা বা অবসর নেওয়া।

সাধারণ শর্তাবলী

1. যোগ্যতা

কভার প্রযোজ্য হওয়ার জন্য, আপনার অবশ্যই:

- সিঙ্গাপুরের মানুষ, সিঙ্গাপুরের স্থায়ী বাসিন্দা বা সিঙ্গাপুরের বৈধ কোনো পরিচয়পত্রধারী ব্যক্তি, যেমন এমপ্লয়মেন্ট পাস, ওয়ার্ক পারমিট, লং টার্ম ভিজিট পাস বা স্টুডেন্টস পাস; এবং বিমার সময়কালে সিঙ্গাপুরে বাস করছেন; এবং
- Singtel প্রিপেড মোবাইল গ্রাহক, এবং
- বিমার সময়কালের শুরুর তারিখে আপনার বয়স 16 থেকে 65 বছর হওয়া উচিত।

2. সালিশি

পলিসি থেকে উদ্ভূত বা সেই সংক্রান্ত যে কোনো বিবাদ অবশ্যই Financial Industry Disputes Resolution Centre Ltd (FIDReC) এর কাছে পাঠাতে হবে।

কোনো বিরোধ FIDReC-এর কাছে আনা না গেলে বা তারা সামলাতে না পারলে, সেটি ঐ সময় বলবৎ থাকা Singapore International Arbitration Centre এর (SIAC বিধি) সালিশি নিয়ম অনুসারে, সিঙ্গাপুরে সালিশি দ্বারা নিষ্পত্তি করা হবে।

সিঙ্গাপুরের তিনজন সালিশিকারী ইংরেজিতে ঐ সালিশি পরিচালনা করবেন।

3. গ্রুপ পলিসি বাতিল

আমরা বা পলিসিকারী ত্রিশ (30) দিনের লিখিত বিজ্ঞপ্তি দিয়ে এই পলিসি বাতিল করতে পারি। আমরা বা পলিসিকারী এই গ্রুপ পলিসি বাতিল করলে তা বাতিলের তারিখের আগে উত্থাপিত কোনো দাবির প্রভাব ছাড়াই হবে। বাতিলের তারিখ যদি বিমার সময়কালের আগে শেষ হয়, তাহলে আপনার বিমার কভারেজ বিমার সময়কাল শেষ হওয়ার তারিখেই শেষ হবে।

4. বিমা কভারেজ বাতিল করা

আমরা বা আপনি এই পলিসির অধীন বিমার কভারেজ ত্রিশ (30) দিনের লিখিত বিজ্ঞপ্তি দিয়ে বাতিল করতে পারি। আমাদের বা আপনার বিমা কভারেজ বাতিলকরণ, বাতিলের তারিখের আগে উদ্ভূত কোনো দাবির প্রতি

কোনো প্রভাব ছাড়াই হবে এবং কোনো প্রিমিয়াম ফেরত দেওয়া হবে না।

5. **চুক্তির (তৃতীয় পক্ষের অধিকার) আইন**

পলিসির শর্তাবলী **পলিসিকারী, আমরা** বা **বিমাকৃত ব্যক্তি** ছাড়া অন্য কেউ প্রয়োগ করতে পারে না।

6. **পলিসির মর্যাদা রাখা**

আপনি এবং **পলিসিকারী** সমস্ত নিয়ম ও শর্তাবলী মেনে চললে তবেই **আমরা পলিসির** অধীনে দায়বদ্ধ থাকব।

7. **ব্যখ্যা**

পলিসি এবং যে কোন সংশোধনী বা এন্ডসমেন্ট জারি করা হলে সব একসাথে পড়তে হবে। এই পলিসির নথিতে কোনো নির্দিষ্ট শব্দের বা কথার অর্থ এন্ডসমেন্টের ক্ষেত্রে একই অর্থবহ।

8. **সংশ্লিষ্ট আইন**

পলিসি সিঙ্গাপুরের আইন অনুসারে পরিচালিত এবং ব্যখ্যা করা হবে।

9. **বিজ্ঞপ্তি এবং রদবদল**

আমাদেরকে দেওয়া সমস্ত বিজ্ঞপ্তি লিখিত হতে হবে। **পলিসিতে** কোনো রদবদল বা সংযোজন, **আমাদের** অনুমোদিত অফিসার দ্বারা স্বাক্ষর করা বা তার আদ্যাক্ষর থাকলে তবেই বৈধ হবে।

আমরা পলিসিকারীর সাথে সম্মত হয়ে **পলিসিতে** রদবদল করতে পারি। **আপনার** কভারের সময়কালে **পলিসিতে** রদবদল করা হলে তা **আপনার** বিদ্যমান কভারকে প্রভাবিত করবে না।

10. **মিথ্যা তথ্য ও প্রতারণা**

আপনার দেওয়া **পলিসি** সংক্রান্ত কোনও তথ্য অসত্য, বৈঠক বা অসম্পূর্ণ হলে অথবা **পলিসির** অধীনে কোনও দাবি যে কোনও ভাবে প্রতারণামূলক হলে, **পলিসির** অধীনে **আপনার** কভারকে অকার্যকর ঘোষণা করা হবে (কখনো অস্তিত্বই ছিল না হিসেবে বিবেচিত হবে) এবং সমস্ত কভার প্রিমিয়াম ফেরত না দিয়েই অবিলম্বে শেষ হয়ে যাবে।

11. **প্রিমিয়াম দেওয়ার ওয়ারেন্টি**

এই **পলিসির** অধীন **আপনার** জন্য প্রদেয় প্রিমিয়াম অবশ্যই **পলিসিকারীকে** দিতে হবে এবং **আপনার কভার শুরু হওয়ার তারিখের** 60 দিনের মধ্যে সম্পূর্ণরূপে ও বাস্তবে **আমাদের** দ্বারা প্রাপ্ত হতে হবে।

এই **পলিসিতে** যদি **আপনার** কভার **শুরুর তারিখ** থেকে 60 দিনের মধ্যে কোনো প্রদেয় প্রিমিয়াম **আমরা** না পাই তাহলে **আপনার** কভার **শুরুর তারিখ** থেকে 60 দিনের সময়কাল শেষ হওয়ার পর এই পলিসিতে **আপনার** কভারের সমাপ্তি হবে।

12. **দাবি পরিশোধ**

আমরা আপনাকে পলিসির অধীনে সমস্ত দাবি প্রদান করব (বিভাগ 1 এর অধীনে মৃত্যু ব্যতীত)। **আপনার** মৃত্যুর ক্ষেত্রে, আপনার আইনী প্রতিনিধি অথবা এস্টেটকে দাবি প্রদান করা হবে। **আপনি** (বা **আপনার** পক্ষে কাজ করা কেউ) **পলিসির** অধীনে **আমাদের** দেওয়া যে কোনও দাবি প্রদানের প্রেক্ষিতে **আমাদেরকে** কোনও রসিদ দিলে তা প্রমাণ করবে যে **আমরা** দাবি সম্পর্কিত **আমাদের** সম্পূর্ণ বাধ্যবাধকতা পূরণ করেছি।

13. **ডুপ্লিকেট কভার**

আপনার এই **পলিসির** অধীনে একাধিক কভার থাকলে, **আমরা** শুধুমাত্র প্রথম জারি করা **পলিসির** অধীনস্থ সীমা পর্যন্ত পরিশোধ করব।

14. **যুক্তিসঙ্গত আগাম সতর্কতা**

কোনও **দুর্ঘটনা** বা **আঘাত** প্রতিরোধ করতে **আপনাকে** অবশ্যই সব রকম যুক্তিসঙ্গত আগাম সতর্কতা অবলম্বন করতে হবে।

15. **নবায়ন**

আমরা আইনত নবায়নের বিজ্ঞপ্তি পাঠাতে বা **পলিসি** নবায়ন করতে বাধ্য নই।

16. **আঞ্চলিক সীমা**

এই **পলিসি** শুধুমাত্র সিঙ্গাপুরের মধ্যে উদ্ভূত **আপনার** যে কোনো **আঘাত** বা **রোগ** কভার করবে।

1. **দাবি পরিত্যাগ**

যদি **আমরা** কভারের অধীনে কোনো দাবি প্রত্যাখ্যান করি এবং **আমাদের** সিদ্ধান্তের তারিখ থেকে 12 ক্যালেন্ডার মাসের মধ্যে বিষয়টিকে (উপরে নির্ধারিত) সালিশিতে না পাঠানো হয়, তাহলে সেই দাবি পরিত্যক্ত বলে বিবেচিত হবে এবং **আপনি** তা চালিয়ে যেতে পারবেন না।

2. **মেডিকাল পরীক্ষা**

যখন যুক্তিসঙ্গতভাবে **আমাদের** প্রয়োজন, তখন **আপনাকে** অবশ্যই **আমাদের** নিযুক্ত **চিকিৎসক** পরিচালিত মেডিকেল পরীক্ষা করাতে হবে। **আমরা** পরীক্ষার জন্য অর্থ প্রদান করব।

3. **দুর্ঘটনা জানানো**

আপনাকে যত তাড়াতাড়ি সম্ভব **দুর্ঘটনার** কথা **আমাদেরকে** সম্পূর্ণ বিশদে এবং এই **পলিসির** অধীনে কোনো দাবি তৈরি হতে পারে এমন যে কোনো ঘটনা সম্পর্কে ত্রিশ (30) দিনের মধ্যে জানাতে হবে। **দুর্ঘটনার** তারিখ থেকে 30 দিনের পরে আমাদেরকে জানানো হলে **আমাদের** সেই দাবি প্রত্যাখ্যানের অধিকার রয়েছে এবং **আমরা** কোনো দাবি দিতে দায়বদ্ধ থাকব না।

4. **নথি প্রদান**

আপনাকে আপনার নিজস্ব খরচে **আমাদের** চাওয়া সমস্ত সার্টিফিকেট, ফর্ম, বিল, রশিদ, তথ্য এবং প্রমাণ **আমাদেরকে** দিতে হবে। দাবি সমর্থন করার জন্য **আমাদের** চাওয়া সমস্ত বিল, রশিদ এবং অন্যান্য নথির আসল কপি হতে হবে, যদি না **আমরা** অন্যথায় লিখিতভাবে সম্মত হই।

5. **আমাদের চাওয়া প্রমাণ প্রদান**

আমরা ক্ষতির কোনো প্রমাণ চাইলে **আপনাকে** অবশ্যই ক্ষতির তারিখের 60 দিনের মধ্যে **আমাদের** কাছে তা পাঠাতে হবে।

সাধারণ বহির্ভূতি

যদি **আমরা** মনে করি যে এই সাধারণ বহির্ভুক্তিগুলির মধ্যে কোনটি এই **পলিসিকে** কোনও লোকসান, ক্ষতি বা দায়বদ্ধতা কভার করতে বাধা দিচ্ছে এবং **আপনি** তাতে একমত না হন, তবে **আপনাকে** অবশ্যই প্রমাণ দিতে হবে কেন বহির্ভুক্তি প্রযোজ্য নয়। **আপনি** তা না দিতে পারলে, লোকসান, ক্ষতি, ব্যয় বা খরচ কভার করা হবে না।

পলিসিটি নিম্নোক্ত থেকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সৃষ্ট বা উদ্ভূত বা সংক্রান্ত কোনো দাবি কভার করে না।

- যুদ্ধ, আগ্রাসন এবং শত্রুতা (যুদ্ধ ঘোষণা করা হোক বা না হোক), গৃহযুদ্ধ, বিদ্রোহ, বিপ্লব, অভ্যুত্থান বা ক্ষমতা থেকে উৎখাত, ধর্মঘট, দাঙ্গা, নাগরিক বিশৃঙ্খলা।
- আয়নাইজিং রেডিয়েশন, বিষাক্ত দূষণ বা পারমাণবিক জ্বালানী থেকে তেজস্ক্রিয় দূষণ বা পারমাণবিক জ্বালানী দাহ্য থেকে পারমাণবিক বর্জ্য।
- আত্মহত্যা, আত্মহত্যার চেষ্টা এবং নিজেকে **আঘাত** করা সহ **বিমাকৃত ব্যক্তির** ইচ্ছাকৃত কাজ।
- ঘুমে ব্যাঘাত, ডিপ্রেসন, উন্মাদ অবস্থা, মানসিক চাপ এবং উৎকর্ষা সমেত মানসিক এবং নার্ভের রোগ।
- গর্ভধারণ, প্রসব বা গর্ভপাত (যদি না কোনো **দুর্ঘটনার** কারণে বা ফলে হয়) বা কোনো সংশ্লিষ্ট অবস্থা বা জটিলতা।
- যে কোনো ধরনের হার্নিয়া।
- যে কোনো যৌনবাহিত রোগ, HIV (হিউম্যান ইমিউনোডেফিসিয়েন্সি ভাইরাস), AIDS (অ্যাকোয়ার্ড ইমিউনোডেফিসিয়েন্সি সিনড্রোম) বা AIDS সংক্রান্ত কোনো অবস্থা।
- প্ররোচিত হামলা বা এমন কোনো কাজ বা ঘটনা যাতে **বিমাকৃত ব্যক্তি** প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উত্তেজিত, প্ররোচিত হয়, অংশগ্রহণ বা পরিকল্পনা করে।
- অ্যালকোহল বা ওষুধের এমন প্রভাব যা:
 - আপনাকে** প্রেসক্রাইব করা হয়নি (এবং সঠিকভাবে ব্যবহার করতে পারেনি); অথবা
 - মাদকাসক্তি, মদ্যাসক্তি বা মানসিক অসুস্থতার চিকিৎসার জন্য প্রেসক্রাইব করা হয়।
- টিকাকরণ এবং গর্ভনিরোধ সহ প্রতিরোধমূলক পরিচর্যা বা ব্যবস্থা সমেত **চিকিৎসক** অননুমোদিত রুটিন মত স্বাস্থ্য পরীক্ষা, পরিষেবা এবং সরবরাহ।

11. ডেন্টাল সার্জারি বা চিকিৎসা, যদি না সেটি **দুর্ঘটনার** ফলে প্রয়োজন হয়।
12. কস্মেটিক বা প্লাস্টিক সার্জারি, যদি না সেটি **দুর্ঘটনার** ফলে প্রয়োজন হয়।
13. যে কোনো **পূর্ববিদ্যমান অবস্থা**।
14. শীতকালীন ক্রীড়া (যেমন স্কিইং বা স্নোবোর্ডিং), শিকার খেলা, পর্বতারোহণ, রক ক্লাইম্বিং, জলের নিচের কার্যকলাপ (যেমন স্নরকেলিং, স্কিন ডাইভিং বা স্কুবা ডাইভিং), মোটর স্পোর্টস, রেসিং বা যে কোনো রকম গতির প্রতিযোগিতায় অংশ নেওয়া (পায়ে হেঁটে ব্যতীত) এবং যে কোনো কার্যকলাপ যাতে শূন্য থাকতে হয় (হওয়ায় ভাসমান থাকা বা অন্য কিছু)।
15. নিচের যে কোনো একটি **আপনার** জীবিকা হলে তাতে বা জীবিকার সাথে জড়িত থাকার সময় **আপনার আঘাত** লাগলে।
 - a. শান্তিকালীন রিজার্ভিস্ট ট্রেনিং ব্যতীত নৌ, সামরিক, বিমান বাহিনী, বেসামরিক প্রতিরক্ষা, পুলিশ, সহায়ক পুলিশ বাহিনী বা অগ্নি নির্বাপন প্রশিক্ষণ, ডিউটি, পরিষেবা বা অপারেশনে অংশ নেওয়া
 - b. পাইলট, এয়ারক্রু সদস্য বা এমন পেশা যাতে সম্পূর্ণ লাইসেন্সপ্রাপ্ত যাত্রীবাহক বিমানে ভাড়া দিয়ে যাত্রী হিসাবে ব্যতীত যে কোন বাণিজ্য, প্রযুক্তিগত কাজ বা ভ্রমণের উদ্দেশ্যে বিমানযাত্রা সহ কোনো বিমানে বা তার মধ্যে কাজ করা জড়িত।
 - c. পেশাদার ক্রীড়া খেলোয়াড়

16. সংক্রামক রোগ

এই পলিসির নথিতে বিপরীত যাই থাক না কেন, **পলিসিটি** কোনো প্রকৃত বা কথিত লোকসান, দায়, ক্ষতি, রোগ, **আঘাত** অথবা মৃত্যু, খরচ বা এমন কোনো পরিমাণ কভার করে না যা **আপনাকে** দিতে হবে, যদি তা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংক্রামক রোগ থেকে অথবা সংক্রামক রোগের ভয় বা আশঙ্কা থেকে সৃষ্ট বা তার সাথে সম্পর্কিত হয়।

এই বহির্ভূক্তির উদ্দেশ্যে, সংক্রামক রোগের অর্থ এমন কোনো রোগ যা কোনো পদার্থ বা এজেন্ট দ্বারা একটি জীব থেকে অন্য জীবে ছড়াতে পারে, যার মধ্যে (তবে এতেই সীমিত নয়) ভাইরাস, ব্যাকটেরিয়া, পরজীবী বা জীব, জীবিত হোক বা না হোক এবং যেখানে:

- প্রত্যক্ষ বা পরোক্ষভাবে রোগটি যে পদ্ধতিতে ছড়ায়, তাতে বায়ুকণা বা জলকণা, শরীরের তরল বা কোনো পৃষ্ঠতল বা বস্তুর সংস্পর্শ – কর্তিন, তরল বা গ্যাস অন্তর্ভুক্ত (তবে এতেই সীমিত নয়) এবং
- যে রোগ, পদার্থ বা এজেন্ট শারীরিক **আঘাত**, অসুস্থতা, মানসিক কষ্ট, স্বাস্থ্য বা সুস্থতায় ব্যাঘাত ঘটতে বা সম্পত্তির ক্ষতি করতে পারে।

17. সাইবার ক্ষতি

এই পলিসির নথিতে বা কোনো এন্ডসর্মেণ্টে যাই থাক না কেন, **পলিসিটি** সাইবার ক্ষতি কভার করে না।

সাইবার ক্ষতির অর্থ প্রকৃত বা কথিত লোকসান, ক্ষতি, দায়, রোগ, **আঘাত** বা মৃত্যু, ব্যয় বা **আপনাকে** যে পরিমাণ অর্থ প্রদান করতে হবে তাই, যদি তা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এগুলি থেকে সৃষ্ট বা এগুলির সাথে সম্পর্কিত হয়:

- অননুমোদিত বা অনিষ্টকারী কাজ;
- অননুমোদিত বা অনিষ্টকারী কাজ বা কাজ সম্পর্কিত হুমকি বা মিথ্যা বিবৃতি;
- ত্রুটি, বাদ পড়া বা **দুর্ঘটনা**; অথবা
- আইনি বা নিয়ন্ত্রক বিধি পূরণ না করা কোনো কাজ;
- যে কোন ব্যক্তি বা গোষ্ঠীর সাথে জড়িত যা কোন ডেটা বা কম্পিউটার সিস্টেম অ্যাক্সেস বা ব্যবহার করছে।

এই বহির্ভূক্তির উদ্দেশ্যে, কম্পিউটার সিস্টেমের অর্থ যে কোনো কম্পিউটার, হার্ডওয়্যার, সফ্টওয়্যার, অ্যাপ্লিকেশন, প্রসেস, কোড, প্রোগ্রাম, তথ্যপ্রযুক্তি, যোগাযোগ ব্যবস্থা বা ইলেকট্রনিক ডিভাইস। এতে রাউটার, ডেটা-স্টোরেজ ডিভাইস, নেটওয়ার্কিং সরঞ্জাম বা ব্যাক-আপের সুবিধা সহ যে কোনো সংশ্লিষ্ট ডিভাইস, সরঞ্জাম বা সিস্টেম অন্তর্ভুক্ত রয়েছে।

18. বৈদ্যুতিন তারিখ

পলিসিটি যে কোনো কম্পিউটার, ইলেকট্রনিক যন্ত্রপাতি, মাইক্রোচিপ, সার্কিট, ডিভাইস বা সফ্টওয়্যার ব্যর্থ হওয়ার কারণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সৃষ্ট বা উদ্ভূত কোন দাবি কভার করে না, এর মধ্যে রয়েছে:

- সঠিকভাবে কোনও তারিখ চেনা;
- কোনো তারিখ ভুল হওয়ার ফলে কোনো ডেটা, তথ্য বা নির্দেশনা সংরক্ষণ বা সঠিকভাবে ব্যাখ্যা, প্রক্রিয়াকরণ বা প্রয়োগ না করা অথবা

- কোনো নির্দিষ্ট তারিখে বা তার পরে ঠিকমত কাজ না করা কোনো কমান্ড বা প্রোগ্রামের জন্য কোনো ডেটা সংরক্ষণ বা সঠিকভাবে ব্যাখ্যা, প্রক্রিয়াকরণ বা প্রয়োগ না করা।

19. স্যাংশন

আমরা কভার প্রদান করেছি বলে বিবেচিত হবে না, এবং **পলিসির** অধীনে কোনো দাবি বা কোনো সুবিধা প্রদানের জন্য দায়বদ্ধ থাকব না, যদি তা করার ফলে, **আমাদের** মতে **আমরা**, রাষ্ট্র, দেশ, নানা দেশে কর্মরত কোনো সংস্থার নির্ধারিত কোনো স্যাংশন, নিষেধাজ্ঞা, বিধিনিষেধ বা বিধি লঙ্ঘন করতে পারি মনে হয় (স্যাংশন)।

যদি **আপনি** বা **পলিসির** সাথে যুক্ত কোনো পক্ষ, যেমন **পলিসিকারী**, সুবিধাভোগী মালিক, **বিমাকৃত ব্যক্তি** বা সুবিধাভোগী (সংশ্লিষ্ট কোনো পক্ষ):

- স্যাংশন প্রযোজ্য এমন ব্যক্তি হিসাবে চিহ্নিত বা তালিকাভুক্ত থাকে;
- স্যাংশন প্রযোজ্য এমন কোনো পক্ষের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যে কোনো উপায়ে জড়িত থাকে বা
- অভিযুক্ত, দোষী সাব্যস্ত হয়েছে বা তাদের বিরুদ্ধে স্যাংশন কার্যকর করে এমন কোনো স্থানীয় বা বিদেশী আইন বা প্রবিধানের অধীনে রায় দেওয়া হয়েছে;

আমরা আপনাকে বা কোনো সংশ্লিষ্ট পক্ষের প্রতি কোনো দায়বদ্ধতা ছাড়াই নিম্নলিখিতগুলির কোনো একটি বা একাধিক সিদ্ধান্ত নিতে পারি।

- a) কোনো **পলিসি**, চুক্তি, লেনদেন বা ব্যবসা বাতিল করা অথবা সেটিকে এমন করা যেন কখনো তা ছিল না
- b) কোনো আর্থিক পণ্য বা বিনিয়োগ বন্ধ করা
- c) কোনও আর্থিক পণ্য বা বিনিয়োগ নগদ করা
- d) কোনো অর্থ প্রদান, অর্থ স্থানান্তর, ফেরত বা সুবিধা আটকে রাখা
- e) কোনো অর্থ প্রদান, অর্থ স্থানান্তর, ফেরত বা সুবিধা স্থগিত রাখা
- f) কোনো লেনদেন বা অনুরোধ প্রত্যাখ্যান বা নাকচ করা
- g) **আমাদের** কোনো স্যাংশন ভঙ্গ করা বা করতে যাওয়ার সম্ভাবনা নির্মূল, ত্রাস করা বা কমানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ বা ব্যবসা গ্রহণ করা

আপনি এবং যে কোনো সংশ্লিষ্ট পক্ষ (অথবা উভয়ই) যে কোনও এবং সমস্ত লোকসান, ক্ষতি, ব্যয় এবং খরচের ক্ষেত্রে **আমাদেরকে** দায়মুক্ত করবেন (সম্পূর্ণ ক্ষতিপূরণ দেবেন এবং আমাদের দায়ী করবেন না), যা **আমরা আপনাকে** বা কোনও সংশ্লিষ্ট পক্ষের কার্যকলাপের ফলে বা তার সাথে সম্পর্কিত বা স্যাংশনের সাথে সম্পর্কিত কাজ করতে ব্যর্থ হওয়ার ফলে অথবা **আমরা** উপরোক্ত a) থেকে g) এর মধ্যে কোনও পদক্ষেপ গ্রহণের ফলে **আমাদের** হতে পারে।

20. সন্ত্রাসবাদ

যদি এই পলিসির নথিতে বা কোনো এন্ডসর্মেণ্টে যাই থাক না কেন, **পলিসিটি** প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সন্ত্রাসবাদ থেকে সৃষ্ট, উদ্ভূত বা সংক্রান্ত কোনো প্রকৃত বা কথিত লোকসান, ক্ষতি, ব্যয় বা খরচ কভার করে না।

এই বহির্ভূক্তির উদ্দেশ্যে, সন্ত্রাসবাদের অর্থ বলপ্রয়োগ বা হিংসা নির্বিশেষে এমন কোন কাজ বা কাজের হুমকি, যাতে এগুলি থাকে, অর্থাৎ:

- রাজনৈতিক, ধর্মীয়, আদর্শগত বা অনুরূপ উদ্দেশ্যে বন্ধপরিচরতা;
- কোনো সরকারকে প্রভাবিত করার উদ্দেশ্যে করা হয় এবং
- জনসাধারণকে বা জনসাধারণের কোনো অংশকে ভয় দেখানোর বা ভয় পাওয়ানোর জন্য করা হয়।

পলিসিটি সন্ত্রাসবাদের ফলে বা সন্ত্রাসবাদের নিয়ন্ত্রণ, প্রতিরোধ বা দমনে গৃহীত কোনো পদক্ষেপের ফলে হওয়া প্রত্যক্ষ বা পরোক্ষ কোনো লোকসান, ক্ষতি, ব্যয় বা খরচ কভার করে না।

যদি **আমরা** মনে করি যে এই বহির্ভুক্তি এই **পলিসিকে** কোনও লোকসান, ক্ষতি বা দায়বদ্ধতা কভার করতে বাধা দিচ্ছে এবং **আপনি** একমত না হন, তবে **আপনাকে** অবশ্যই প্রমাণ দিতে হবে যে কেন বহির্ভুক্তি প্রযোজ্য নয়। **আপনি** তা না দিতে পারলে, লোকসান, ক্ষতি, ব্যয় বা খরচ কভার করা হবে না।

এই বহির্ভুক্তির কোনো অংশ বলবৎ করা না হলেও, বাকিটা তখনও প্রযোজ্য হবে এবং বলবৎ করা যেতে পারে।

21. মোট অ্যাসেসমেন্ট

অ্যাসেসমেন্টের কারণে, তার ফলে বা সাপেক্ষে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যে কোনো রূপে বা পরিমাণে হওয়া ক্ষতি হলে, কোনো দাবির ক্ষেত্রেই এই **পলিসি** প্রযোজ্য হবে না এবং কোনো প্রকৃত বা কথিত দায় কভার করে না।

দুর্ঘটনা

এটি আকস্মিক অপ্রত্যাশিত ঘটনা যা কোনো একটি চিহ্নিত সময়ে এবং স্থানে ঘটে এবং মৃত্যু, **আঘাত**, লোকসান বা ক্ষতির একমাত্র কারণ যার জন্য **আপনি** দাবি করেন।

নথিভুক্তি নিশ্চিতকরণ

আপনার নথিভুক্ত মোবাইল নম্বরে পার্থানো SMS যা প্রমাণ করে যে **আপনি** এই **পলিসির** আওতায় আছেন, তাতে **বিমার সময়কাল** এবং **শুরুর তারিখ** থাকে।

হাসপাতাল

একটি প্রতিষ্ঠান যা আইনত হাসপাতাল হিসাবে পরিচালিত হয় এবং:

- ইন-পেশেন্টদের সব সময় যত্ন এবং চিকিৎসা প্রদান করে;
- নার্স কর্মী আছে;
- সব সময় এক বা একাধিক **চিকিৎসক** উপলভ্য থাকেন; এবং
- (প্রয়োজনে) বড় সার্জারি সহ রোগ নির্ণয়ের সুবিধা রয়েছে।

এতে প্রধানত এইসব ক্ষেত্রে ব্যবহৃত কোনো প্রতিষ্ঠান বা বিশেষ ইউনিট অন্তর্ভুক্ত নেই:

- কমিউনিটি হাসপাতাল, ক্লিনিক, নার্সিং হোম, রেস্ট হোম বা কনভালেসেন্ট হোম বা অনুরূপ ব্যবস্থা;
- হাইড্রো, স্পা বা প্রাকৃতিক যন্ত্রের হাইড্রোক্লিনিক; বা
- অ্যালকোহল বা মাদকাসক্তির চিকিৎসার ব্যবস্থা।

এতে মানসিক বা আচরণগত ব্যাধির জন্য কোনো প্রতিষ্ঠান বা হাসপাতালের মানসিক বিভাগ অন্তর্ভুক্ত নেই।

রোগ

বিমার সময়কালে শারীরিক স্বাস্থ্যের অবনতি এবং তার কারণ **দুর্ঘটনা** না, এবং তার জন্য আপনার **চিকিৎসকের** কাছ থেকে চিকিৎসা নেওয়া প্রয়োজন।

আঘাত

শুধুমাত্র এবং সরাসরি **দুর্ঘটনার** কারণে এবং অন্য কোনো কারণ ছাড়াই সৃষ্ট শারীরিক আঘাত। এটি সমস্ত চিকিৎসীয় অবস্থা, অসুখ, রোগ, অসুস্থতা, ব্যাকটেরিয়াঘটিত এবং ভাইরাল সংক্রমণ ব্যতীত, এমনকি এই ধরনের পরিস্থিতি **দুর্ঘটনার** কারণে বা কোনোভাবে তার সাথে যুক্ত হলেও।

বিমাকৃত ব্যক্তি (আপনি, আপনার)

পলিসিকারীর ঘোষিত যে ব্যক্তিকে এই **পলিসির** আওতায় আনা হয় এবং যিনি এই **পলিসিতে** বর্ণিত যোগ্যতার মানদণ্ড পূরণ করেন।

শ্রবণশক্তি হারানো

চিকিৎসকের সার্টিফিকেট অনুসারে শ্রবণশক্তি সম্পূর্ণ ও অপরিবর্তনীয়ভাবে হারানো।

একটা হাত বা পা হারানো

কবজি বা তার উপর থেকে এখটি হাত বা গোড়ালি বা তার উপর থেকে একটি পা সম্পূর্ণ কেটে বাদ দেওয়ার ফলে অঙ্গহানি।

দৃষ্টিশক্তি হারানো

চিকিৎসকের সার্টিফিকেট অনুসারে দৃষ্টি শক্তি সম্পূর্ণ ও অপরিবর্তনীয়ভাবে হারানো।

বাক শক্তি হারানো

চিকিৎসকের সার্টিফিকেট অনুসারে বাক শক্তি সম্পূর্ণ ও অপরিবর্তনীয়ভাবে হারানো।

চিকিৎসক

যে ব্যক্তি একজন ডাক্তার হিসাবে নথিভুক্ত এবং আইনত যোগ্য, যার পাশ্চাত্য ওষুধের মেডিকেল ডিগ্রী আছে এবং সিঙ্গাপুরে ওষুধ ও সার্জারি করার জন্য অনুমোদিত এবং লাইসেন্সপ্রাপ্ত

চিকিৎসক **আপনি** হতে পারেন না বা

- **আপনার** পরিবারের বা তাদের পরিবারের কোনো সদস্য বা
- **আপনার** বা তাদের ব্যবসায়িক অংশীদার, নিয়োগকর্তা, কর্মী বা এজেন্ট।

বিমার সময়কাল

আপনাকে নথিভুক্তির নিশ্চিতকরণে দেওয়া শুরুর তারিখ থেকে একটানা 30 দিনের সময়কাল।

স্থায়ী বিকলাঙ্গতা

চিকিৎসকের সার্টিফিকেট অনুসারে এমন বিকলাঙ্গতা যা দুর্ঘটনার তারিখ থেকে একটানা ও বাধাবিহীন কম পক্ষে 365 দিন যাবৎ ছিল এবং সেই সময়ের পরও উন্নতির কোনো আশা নেই।

স্থায়ী সম্পূর্ণ বিকলাঙ্গতা

সার্বিক পক্ষাঘাত বা স্থায়ীরূপে শয্যাশায়ী থাকা বা এমন বিকলাঙ্গতা যা আপনাকে কমপক্ষে 12 মাস একটানা কোনো কাজ, পেশা বা জীবিকা করা থেকে এবং বেতন, অর্থ বা পুরস্কার পাওয়া থেকে চিরতরে বঞ্চিত রাখে।

পলিসি

আমাদের জারি করা কোনও এন্ডস্টমেন্ট সহ পলিসিকারী এবং আমাদের মধ্যে বিমার চুক্তি এবং নথিভুক্তি নিশ্চিতকরণ।

পলিসিকারী

Singtel Mobile Singapore Pte Ltd

পূর্ববিদ্যমান অবস্থা

তার মানে:

- যে কোন অবস্থা, অসুখ, রোগ, আঘাত, বিকলাঙ্গতা বা জন্মগত ত্রুটি যার জন্য আপনি চিকিৎসার পরামর্শ পেয়েছেন, রোগ নির্ণয় করিয়েছেন, হাসপাতালে ভর্তি থেকেছেন, চিকিৎসা পেয়েছেন অথবা পলিসি শুরুর বা নবায়নের আগের 12 মাসে ওষুধ সেবনের পরামর্শ পেয়েছেন; অথবা
- পলিসি শুরুর বা নবায়নের আগের 12 মাসে কোনও লক্ষণ এবং উপসর্গ দেখা দিয়েছে যার জন্য একজন সচেতন ব্যক্তির থেকে যুক্তিসঙ্গতভাবে আশা করা যেতে পারে যে তিনি চিকিৎসার পরামর্শ বা কাউন্সেলিং পেয়েছেন, তদন্ত করিয়েছেন, রোগ নির্ণায়ক পরীক্ষা করিয়েছেন, চিকিৎসা পেয়েছেন, অস্ত্রোপচার করিয়েছেন, হাসপাতালে ভর্তি থেকেছেন, বা ওষুধ নিয়েছেন।

শুরুর তারিখ

নথিভুক্তি নিশ্চিতকরণে দেখানো এই পলিসির অধীনে আপনার কভার শুরু হওয়ার তারিখ।

আমরা (আমাদেরকে, আমাদের)

Great Eastern General Insurance Limited.

পলিসির মালিকদের সুরক্ষার স্কিম

এই পলিসি Singapore Deposit Insurance Corporation (SDIC) পরিচালিত - পলিসির মালিকদের সুরক্ষার স্কিম দ্বারা সুরক্ষিত। আপনার পলিসির কভারেজ স্বয়ংক্রিয় এবং আপনাকে আর কোনো পদক্ষেপ নিতে হবে না। যেখানে প্রযোজ্য সেখানে, প্রকল্পের আওতায় থাকা সুবিধাগুলির ধরণ এবং কভারেজের সীমা সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন অথবা General Insurance Association (GIA) বা SDIC ওয়েব-সাইটস (www.gia.org.sg অথবা www.sdics.org.sg) দেখুন।